


খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের উত্তম চর্চা (Best Practices) বিষয়ক
প্রতিবেদন :

- ০১। (০১) উত্তম চর্চার শিরোনাম : এ কার্যালয়সহ অধীনস্থ অফিসের কর্মকর্তা/কর্মচারীদের জিপিএফ হতে অগ্রিম মঞ্জুর:
- (০২) উত্তম চর্চার বিবরণ : এ কার্যালয় এবং অধীনস্থ জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল হতে চাহিত অগ্রিম সংশ্লিষ্ট শাখায় প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে।
- (০৩) প্রমাণক : ০৩(তিন) কার্যদিবসের মধ্যে সাধারণ ভবিষ্য তহবিল হতে গৃহীত অগ্রিমের মঞ্জুরী প্রদান।
- ০২। (০১) উত্তম চর্চার শিরোনাম : অফিস আঞ্জিনা পরিষ্কার পরিচ্ছন্নকরণ :
- (০২) উত্তম চর্চার বিবরণ : বিভাগীয় কমিশনারের ভবনে বিভিন্ন সরকারি অফিস রয়েছে। পরিচালক, স্বাস্থ্য এর কার্যালয়, উপ-ভূমি সংস্কার এর কার্যালয়, বিভাগীয় সমবায় কার্যালয়, জোনাল সেটেলমেন্ট অফিস, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সহ ভবন সংলগ্ন অফিসের পরিচ্ছন্নতাকর্মীদের অফিস পরিষ্কার রাখার জন্য কাজ ভাগ করে দেয়া হয়েছে। প্রতি ০২ ঘন্টা পর পর টয়লেটসমূহ পরিষ্কার রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিচ্ছন্নতাকর্মীদের অফিস পরিষ্কার রাখার বিষয়টি মনিটর করার জন্য একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে।
- (০৩) প্রমাণক : ভবন সংলগ্ন বিভিন্ন অফিসের কর্মকর্তাদের নিয়ে পরিচ্ছন্নতা বিষয়ে গঠিত কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত।
- ০৩। (০১) উত্তম চর্চার শিরোনাম : ই-নথির কার্যক্রমে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন করে সনদ ও ফ্রেস্ট প্রদান:
- (০২) উত্তম চর্চার বিবরণ : ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষে এ কার্যালয়ে ই-নথির মাধ্যমে চিঠি পত্র নিষ্পত্তি করা হয়। উক্ত ই-নথির কার্যক্রম গতিশীল রাখতে এবং ই-নথির কার্যক্রমে কর্মচারীদের উৎসাহ উদ্দীপনা বৃদ্ধি করার নিমিত্ত প্রতিমাসে ই-নথির কার্যক্রমের ক্ষেত্রে (ই-নথিতে ডাক উপস্থাপন, পত্র জারি এবং ই-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি) এ কার্যালয়ের সভাকক্ষে সকল কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে বিভাগীয় কমিশনার কর্তৃক প্রতিমাসে শ্রেষ্ঠ কর্মচারীকে সনদ ও ফ্রেস্ট প্রদান করা হচ্ছে। চলতি অর্থবছরে এ ধারা অব্যাহত থাকবে।
- (০৩) প্রমাণক : ই-নথির কার্যক্রমের ক্ষেত্রে পুরস্কার প্রাপ্তদের তালিকা সংযুক্ত।
- ০৪। (০১) উত্তম চর্চার শিরোনাম : সেবা প্রত্যাশীদের জন্য বিশ্রামাগার (ওয়েটিং রুম) স্থাপন :
- (০২) উত্তম চর্চার বিবরণ : এ কার্যালয়ে আগত সেবা প্রত্যাশীদের জন্য একটি বসার স্থান নির্মাণ করা হয়েছে। সেখানে বসার জন্য কিছু চেয়ার, সুপেয় পানি পানের ব্যবস্থা, ইলেকট্রিক ফ্যানের ব্যবস্থা, সংবাদপত্র ও টেলিভিশন দেখার ব্যবস্থা করা হয়েছে। তার পাশে সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে। ফলে সেবা প্রত্যাশীগণ প্রচন্ড গরমে এ অফিসে আগমন করে বিশ্রাম নিতে পারবেন এবং সেবা প্রত্যাশীগণ কোথা হতে কখন কিভাবে সেবা পাবেন সেটা জানতে পারবেন।
- (০৩) প্রমাণক : বিশ্রামাগার স্থাপিত।


লোকমান হোসেন মিয়া
বিভাগীয় কমিশনার
খুলনা।